

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.১৭-১১৭

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, ডা: মো: ইউনুস, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) রামু, কক্সবাজার গত ০১/০৯/১৯৯৪ খ্রি: তারিখ হতে ৩০/১১/১৯৯৪ খ্রি: তারিখ পর্যন্ত ৯১ (একানব্বই) দিন অর্জিত ছুটি মঞ্জুর হওয়ার পর ছুটিতে গমন করেন। ছুটি ভোগের পর হতে ৩১/০৮/৯৬ খ্রি. তারিখে অভিযোগনামা ইস্যুর তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯' মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অত্র মন্ত্রণালয়ের গত ৩১/০৮/১৯৯৬ খ্রি. তারিখের পার-৭/১-৩/৯৬/৯৬ নং স্মারকে অভিযুক্তকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনান্তে তাকে চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করে গত ১৫/০৭/২০০৭ খ্রি. তারিখের পত্রের স্মারক নং-শৃং-২(পার-৭)-১-৩/৯৬/৩৭৯ মোতাবেক তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু কর্তৃপক্ষ তাকে দোষী সাব্যস্ত করে বর্ণিত অধ্যাদেশের ৪(এ) উপধারা মোতাবেক সরকারি 'চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service)' করার সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ২৫/০৮/২০১৩ খ্রিঃ তারিখের স্বাপকম/শৃঙ্খলা-২ (পার-৭)-১-৩/৯৬-৩৫৮ নং স্মারকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে মতামতের জন্য প্রেরণ করা হয় এবং উক্ত পত্রের ধারাবাহিকতায় সর্বশেষ গত ০৫/১২/২০১৯ খ্রি. তারিখের স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.১৭-৩৫ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় গত ২২/০১/২০২০ খ্রি. তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২৮.২০১৩-১৩ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকরি হইতে বরখাস্ত' করার বিষয়ে বিষয়ে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ৩(বি) উপধারার অপরাধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪(এ) উপধারা মোতাবেক তাকে 'চাকরি হইতে বরখাস্ত' দন্ড প্রদান করা হলো।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আলী নূর)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.১৭- ১১৭

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০২ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৪। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, কক্সবাজার।
- ৯। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রামু, কক্সবাজার।
- ১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার।
- ১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
- ১২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রামু, কক্সবাজার।
- ✓ ১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। ডা: মো: ইউনুস, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) রামু, কক্সবাজার।


০২/০৮/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

ফোন-৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd